



FEB. 11 2002

৪.....

ঢাকা কমার্স কলেজ বিশ্ববিদ্যালয় হবে শিক্ষামন্ত্রীর আশ্বাস

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক ঢাকা কমার্স কলেজকে পূর্ণাঙ্গ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য সহায়তার আশ্বাস দিয়েছেন। গতকাল রোববার সকালে কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী ও কৃতী ছাত্র-ছাত্রীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে তিনি এই আশ্বাস দেন।

কলেজ ক্যাম্পাসে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি ড. সফিক আহমদ সিদ্দিকী। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু, স্থানীয় সংসদ সদস্য এসএ খালেদ ও কলেজের অধ্যক্ষ কাজী ফারুকী। অনুষ্ঠান শেষে বিকালে সাংস্কৃতিক অনুষ্ঠান জাদু ও নাটক পরিবেশন করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।